# এইচএসসি বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র ২০১৭

## চট্টগ্রাম, বরিশাল ও দিনাজপুর বোর্ড-২০১৭

### সমাজকর্ম দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ২ |

**সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট** সৃজনশীল প্রশ্ন **পূর্ণমান—৭০**

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১। জাহিদ হাসান স্ত্রী সন্তানদের নিয়ে গ্রামে বসবাস করতে। কিন্তু গ্রামে আয়ের ভালো ব্যবস্থা না থাকায় কাজের সন্ধানে শহরে যান এবং রিকশা চালিয়ে সংসার চালান। তিনি যা আয় করেন তা দ্বারা সংসারের সবার খাবারের ব্যবস্থা করতে পারেন এবং বাসার পাশেই সরকারি প্রাইমারি স্কুল থাকায় ছেলেমেয়েদের লেখাপড়াও করান। কিন্তু কম আয়ের কারণে স্ত্রী-সন্তানদের প্রয়োজনমতো কাপড় চোপড় কিনে দিতে পারে না, অসুস্থ হলে চিকিৎসা করাতে পারেন না এবং অবসর সময় কাটানোর জন্য একটি টিভিও কিনে দিতে পারেন না। তবে বস্তি এলাকায় বসবাস করলেও ঘরে থাকতে তাদের খুব একটি অসুবিধা হয় না।

(ক) মানব উন্নয়ন সূচকে বাংলাদেশের অবস্থান কততম? ১

(খ) মৌল মনবিক চাহিদা বলতে কী বোঝ? ২

(গ) উদ্দীপকে জাহিদ হাসানের পরিবার কি কি মৌল মানবিক চাহিদা পূরণ করতে পারছে না? ব্যাখ্যা কর। ৩

(ঘ) উদ্দীপকে জাহিদ হাসান এবং তার পরিবার যেসব চাহিদা পূরণ করতে পারছে তা যথার্থ কিনা? তোমার মতামত দাও। ৪

২। দরিদ্র বাবার সন্তান শারমিনের অল্পবয়সে বিয়ে হয়। বিয়ের এক বছর পরে তার একটি প্রতিবন্ধী সন্তান হয়। শারমিনের স্বামী তার ভরণপোষণ করতে না পেরে তাকে তালাক দেয়। দরিদ্র, অসহায় ও স্বামী পরিত্যক্ত শারমিন প্রতিবন্ধী সন্তানটি নিয়ে খুবই কষ্টে আছে।

(ক) চিকিৎসা সমাজকর্মের সর্বপ্রথম প্রয়োগ শুরু হয় কত সালে? ১

(খ) শিল্প সমাজকর্ম বলতে কী বোঝ? ২

(গ) উদ্দীপকে শারমিন ও তার সন্তানের জন্য সমাজকর্মের কোন শাখা সাহায্য করতে পারে? আলোচনা কর। ৩

(ঘ) উদ্দীপকের উল্লিখিত শাখা বাংলাদেশের বহুমুখী সমস্যা সমাধানে কতটা কার্যকরী বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৪

৩। ফারজানা হক পরিবারের একমাত্র সন্তান। মা-বাবা কাজের প্রয়োজনে বাইরে গেলে সে বাসায় একাকী থাকে। খেলার সঙ্গী পায় না। এই একাকীত্ব তাকে অসুস্থ করে তোলে। তার মধ্যে একধরনের ভ্রান্তি বা ব্যক্তিত্বের অস্বাভাবিকতা তৈরি হয়। সে বড় হলেও সবার সাথে মিলেমিশে চলতে পারে না। তাই তার মা-বাবা তার জন্য বড়ই দুশ্চিন্তাগ্রস্ত।

(ক) বাংলাদেশে কোন মেডিকেল কলেজে প্রথম চিকিৎসা সমাজকর্ম কার্যক্রম শুরু হয়? ১

(খ) বিদ্যালয় সমাজকর্ম বলতে কী বোঝ? ২

(গ) উদ্দীপকে ফারজানা হকের চিকিৎসার জন্য সমাজকর্মের কোন শাখা উপযোগী? ব্যাখ্যা কর। ৩

(ঘ) উক্ত শাখা সমাজকর্মের পেশাগত বিকাশে কতটা কার্যকরী বলে তুমি মনে কর? ৪

http://teachingbd.com

৪। সবুর মিয়ার তিন মেয়ে। বড় মেয়েটিকে পনেরো বছর বয়সে বেকার রফিকের কাছে বিয়ে দেন। বিয়ের সময় বরকে একটি মোটরসাইকেল ও এক লক্ষ টাকা দেওয়ার চুক্তি হয়। ধার করে এক লক্ষ টাকা পরিশোধ করলেও মোটরসাইকেল দিতে পারেননি। তাই তার স্বামী বিভিন্ন সময় মেয়েটির উপর নির্যাতন চালায়। স্বামীর নির্যাতন সইতে না পেরে একসময় মেয়েটি জীবন দিল।


(ক) HIV কী? ১

(খ) মাদকাসক্তি বলতে কী বোঝায়? ২

(গ) উদ্দীপকে সবুর মিয়ার মেয়েটি মূলত কোন সমস্যায় আক্রান্ত হয়ে জীবন দিল? ব্যাখ্যা কর। ৩

(ঘ) বাংলাদেশে উক্ত সমস্যার প্রভাব আলোচনা কর। ৪

৫।




(ক) অধ্যাপক পিগুর মতে বেকারত্ব কী? ১

(খ) অপুষ্টির একটি কারণ ব্যাখ্যা কর। ২

(গ) উদ্দীপকটিতে '?' চিহ্নিত স্থানে কোন সামাজিক সমস্যাকে ইঙ্গিত করেছে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) উক্ত সমস্যা থেকে মুক্তির জন্য একজন সমাজকর্মী কি ভূমিকা রাখতে পারে বলে তুমি মনে কর? ৪

Teachingbd.com

৬। জামিল একটি এনজিওতে চাকরি করেন। তার প্রতিষ্ঠানে দশ থেকে বেশি বয়সের ছেলেমেয়েদের শিক্ষার ব্যবস্থা করা হয়। ঐসব ছেলেমেয়ে কোনো না কোনো প্রতিষ্ঠানে কর্মরত। তারপর তাদের সমাজে পুনর্বাসিত করার জন্য বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়। তারা সমাজে পুনর্বাসিত হয়ে দেশকে এগিয়ে নেয়।

(ক) ব্র্যাকের প্রতিষ্ঠাতার নাম কী? ১

(খ) গ্রামীণ ব্যাংকের মূল কাজ কী? ২

(গ) উদ্দীপকে জামিল কোন প্রতিষ্ঠানে চাকরি করে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে এ প্রতিষ্ঠানের গুরুত্ব আলোচনা কর। ৪

৭। জালাল হোসেন একটি মানবকল্যাণধর্মী প্রতিষ্ঠানে চাকরি করেন। এ প্রতিষ্ঠানটি জাতিসংঘের অন্তর্ভুক্ত একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানটি শিশুদের খাদ্য, পুষ্টি ও নিরাপত্তাবিধানের জন্য কাজ করে। পৃথিবীর বিভিন্ন দেশে এ প্রতিষ্ঠানটি তাদের সেবাকর্ম পরিচালনা করে থাকে।

(ক) ইউসেপ এর প্রতিষ্ঠাতার নাম কী? ১

(খ) রেড ক্রিসেন্ট প্রতিষ্ঠানের মূল কাজ কী? ২

(গ) উদ্দীপকে জালাল হোসেন কোন প্রতিষ্ঠানে কর্মরত? ব্যাখ্যা কর। ৩

(ঘ) বাংলাদেশে শিশুকল্যাণে এ প্রতিষ্ঠানের গুরুত্ব আলোচনা কর। ৪

http://teachingbd.com

৮। জহিরুল ইসলাম একজন সমাজসেবা অফিসার। তিনি বাংলাদেশ সরকারের কতগুলো লক্ষ্য বাস্তবায়ন করার জন্য নিযুক্ত হলেন। লক্ষ্যগুলো হলো– দরিদ্রদের স্বকর্মসংস্থানের জন্য সুদমুক্ত ঋণদান, বস্তিবাসীদের জন্য বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান, বিপন্ন পরিবেশে বসবাসরত শিশুদের শিক্ষা, স্বাস্থ্য ও পুষ্টির মান উন্নয়ন, স্থানান্তরিতদের নিজ বাড়িতে ফিরে যেতে উদ্বুদ্ধকরণ এবং স্থানীয় নেতৃত্বের বিকাশসাধন।

(ক) বাংলাদেশে কত সালে V-AID কর্মসূচি শুরু হয়েছিল? ১

(খ) যেকোনো একটি গ্রামীণ সমাজসেবা কার্যক্রম ব্যাখ্যা কর। ২

(গ) উদ্দীপকে জহিরুল ইসলাম কোন ধরনের সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন করেন? ব্যাখ্যা কর। ৩

(ঘ) এ ধরনের কার্যক্রম বাস্তবায়নে স্থানীয় জনগণের কি ভূমিকা রয়েছে বলে তুমি মনে কর? ৪

৯। আব্দুল জলিল তিন সন্তানের জনক। বড় ছেলে চাকরি করে এবং অন্য দুই ছেলে স্থানীয় কলেজে লেখাপড়া করে। কিছুদিন পূর্বে বড় ছেলের বিয়ে দেন। কিন্তু চাকরি করার কারণে আব্দুল জলিল এর বড় ছেলে তার স্ত্রীকে নিয়ে ঢাকায় বসবাস করেন এবং গ্রামে মা-বাবার জন্য টাকা পাঠান।

(ক) ইংরেজি Family শব্দটি কোন শব্দ থেকে গৃহীত হয়েছে? ১

(খ) বিবাহ কাকে বলে? ২

(গ) উদ্দীপকে আব্দুর জলিলের বড় ছেলের পরিবারটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

(ঘ) বাংলাদেশে উক্ত পরিবারের গুরুত্ব আলোচনা কর। ৪

১০। কাবিল মিয়া দুষ্ট প্রকৃতির লোক। অনাথ জরিনা বেগমকে বিয়ে করে। বিয়ের পর কারণে অকারণে জরিনাকে মারপিট করে। একদিন সে জরিনাকে এক নারী পাচারকারী দালালের কাছে বিক্রি করে দেয়। জরিনার বাবা বিষয়টি জানতে পেরে কাবিলের বিরুদ্ধে মামলা করে।

(ক) বাংলাদেশে যৌতুক নিরোধ আইন পাস হয় কত সালে? ১

(খ) বাল্যবিবাহ বলতে কী বোঝ? ২

(গ) উদ্দীপকে জরিনার বাবা কোন আইনের মাধ্যমে কাবিলের বিচার চাইতে পারে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) সমাজে শান্তি প্রতিষ্ঠায় উক্ত আইনের গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

১১। সাব্বির একটি বিশ্ববিদ্যালয় থেকে সমাজকর্ম বিষয়ের উপর সম্মান কোর্সে অধ্যয়ন করছে। তাকে তার শ্রেণি শিক্ষক পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য কোনো একটি সেবামূলক প্রতিষ্ঠানে প্রেরণ করেন এবং কিছু পরামর্শ দেন যা তাকে তার লক্ষ্য বাস্তবায়নের জন্য অবশ্যই পালন করতে হবে। পরামর্শগুলো হলো–

সমস্যাগ্রস্ত ব্যক্তিকে সাদরে গ্রহণ করবে,
ক্লায়েন্টদের প্রতি সম্মান প্রদর্শন করবে,
ক্লায়েন্টদের সাথে সুসম্পর্ক স্থাপন করবে,
ক্লায়েন্টদের সাথে ব্যক্তিগত সম্পর্ক স্থাপন করবে না
এবং ক্লায়েন্টদের প্রয়োজনীয় তথ্য পকাশ করবে না।

(ক) কখন থেকে কেস ম্যানেজমেন্টের ব্যবহার শুরু হয়? ১

(খ) মাঠকর্ম বলতে কী বোঝ? ২

(গ) উদ্দীপকে সাব্বিরকে যে পরামর্শ দেওয়া হয়েছে সমাজকর্মের ভাষায় তাকে কী বলে? পরামর্শগুলো কি কি? ব্যাখ্যা কর। ৩

(ঘ) একজন সমাজকর্মীকে তার দক্ষতা অর্জনের জন্য উক্ত পরামর্শ ছাড়া আর কি কি নিয়ম মেনে চলতে হয় বলে তুমি মনে কর? ৪

http://teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

## সমাজকর্ম দ্বিতীয় পত্র

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বিষয় কোড: ২ ৭ ২

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১। Problem শব্দটির উৎপত্তি হয়েছে গ্রিক শব্দ–**
ক Problema খ Problemia
গ Probleme ঘ Problemeia

**২। নিচের কোনটি সামাজিক অনাচারের উদাহরণ?**
ক নিরক্ষরতা খ দরিদ্রতা
গ পুষ্টিহীনতা ঘ যৌতুকপ্রবণতা

**৩। HIV এর পূর্ণরূপ হলো–**
ক Human immun dificiency Virus
খ Humane immuno dificiency Virus
গ Human Immuno dificiency Virus
ঘ Humane immun dificiency Virus

**৪। কোন কাজটি গ্রামীণ সমাজসেবা কার্যক্রমের অন্তর্ভুক্ত?**
i. দল গঠন
ii. বৃত্তিমূলক প্রশিক্ষণ iii. ঋণদান কার্যক্রম
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৫। USS এর পূর্ণরূপ কোনটি?**
ক Urban Social Service
খ Urbane Social Service
গ Urban Society Service
ঘ Urbane Society Service

**৬। কোন আইনে উত্তরাধিকার সংক্রান্ত ধারা সংযোজিত আছে?**
ক শিশু আইন, ১৯৭৪
খ মুসলিম পারিবারিক আইন, ১৯৬১
গ যৌতক নিরোধ আইন, ১৯৮০
ঘ নারী নির্যাতন আইন, ১৯৮৩

**➤ নিচের উদ্দীপকটি পড় এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :**
X একটি আদালত। এখানে অত্যন্ত ঘরোয়া পরিবেশে অপরাধীদের সংশোধনের চেষ্টা করা হয়। এ আদালতে বাদী, বিবাদী, আইনজীবী ও শাস্তির ব্যবস্থা নেই।

**৭। উদ্দীপকে কোন আদালতের কথা বলা হয়েছে?**
ক প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেটের আদালত
খ ফৌজদারি আদালত
গ সাধারণ আদালত ঘ কিশোর আদালত

**৮। উক্ত আদালতে অপরাধীদের যা করা হয়–**
i. সংশোধনের চেষ্টা
ii. সমন্বয় iii. পুনর্বাসন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও iii খ i ও ii
গ ii, ও iii ঘ i, ii ও iii

**৯। সাম্প্রতিককালের জাতীয় সমস্যা কোনটি?**
ক বাল্যবিবাহ খ জঙ্গিবাদ
গ বহুবিবাহ ঘ যৌতুক প্রথা

**১০। The Modern Family গ্রন্থটি কার লেখা?**
ক অগবার্ন ও নিমকফ খ কিংসলে ডেভিস
গ আর এফ উইন্স ঘ ম্যাকাইভার

**১১। ইংরেজি Religion শব্দটির উৎপত্তি হয়েছে–**
ক Religere খ Religare
গ Religar ঘ Reliere

**১২। নিচের কোনটি মস্তিষ্কের বিকাশগত সমস্যা?**
ক অটিজম খ মাদকাসক্ততা
গ দরিদ্রতা ঘ বেকারত্ব

**১৩। বাল্যবিবাহ নিরোধ আইন, ১৯২৯ অনুযায়ী মেয়েদের বিবাহের সর্বনিম্ন বয়স হলো–**
ক ১৬ খ ১৭
গ ১৮ ঘ ১৯

**১৪। নিচের কোনটি জাতীয় সংস্থা?**
ক মাটিভাঙা উন্নয়ন সংস্থা
খ আশিয়ান
গ গ্রামীণ ব্যাংক ঘ ইউনিসেফ

**➤ নিচের উদ্দীপকটি পড় এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :**
নীলা সমাজকর্ম বিষয়ে অনার্স ৪র্থ বর্ষের ছাত্রী। শিক্ষার অংশ হিসেবে তাকে ৬০ কর্মদিবস ডায়াবেটিস হাসপাতালে কাজ করতে হয়।

**১৫। নীলা সিলেবাসভুক্ত কোন কাজটি করেছে?**
ক গবেষণা খ মাঠকর্ম
গ থিসিস ঘ চাকরি

**১৬। উক্ত কাজে সে প্রয়োগ করেছে–**
i. সমাজকর্মের মূল্যবোধ
ii. সমাজকর্মের নীতি iii. সমাজকর্মের পদ্ধতি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৭। নারী ও শিশু নির্যাতন রোধ আইন প্রণীত হয়–**
ক ১৯৮০ খ ১৯৯৫
গ ২০০০ ঘ ২০০৩

**১৮। ব্র্যাক এর প্রতিষ্ঠাতা কে?**
ক ড. মুহাম্মদ ইউনূস
খ ডা. আব্দুল ওয়াহেদ
গ ড. আহমাদুল্লাহ মিয়া
ঘ ফজলে হাসান আবেদ

Teachingbd.com

১৯। সাড়াদান বলতে বোঝায়–

i. নিরাপদ স্থানে অপসারণ
ii. তল্লাশি ও উদ্ধার
iii. ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণ

নিচের কোনটি সঠিক?

ক) i, ii ও iii  খ) i ও ii
গ) ii ও iii  ঘ) i ও iii

২০। সমাজবিজ্ঞানী টোলের মতে মৌলিক মানবিক চাহিদা কত প্রকার?

ক) ৪  খ) ৫
গ) ৬  ঘ) ৭

২১। শিশুর মানসিক বিকাশের জন্য সবচেয়ে বেশি দরকার–

ক) বস্ত্র  খ) বাসস্থান
গ) শিক্ষা  ঘ) চিত্তবিনোদন

২২। খাদ্যের অপূরণজনিত প্রধান সমস্যা কোনটি?

ক) পুষ্টিহীনতা  খ) বস্তি সমস্যা
গ) অপরাধপ্রবণতা  ঘ) নিরক্ষরতা

➤ নিচের উদ্দীপকটি পড় এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :

রহিম প্রাকৃতিক দুর্যোগ, হিংস্র জন্তুর আক্রমণ, অসামাজিক ব্যক্তিদের উপদ্রব, রোদ বৃষ্টির তাপ ও শীত প্রভৃতির হাত থেকে রক্ষা পাওয়ার জন্য একটি বিশেষ স্থানে বাস করে।

২৩। উদ্দীপকে কোন মৌল মানবিক চাহিদার কথা বলা হয়েছে?

ক) খাদ্য  খ) বস্ত্র
গ) শিক্ষা  ঘ) বাসস্থান

২৪। উক্ত মৌল মানবিক চাহিদাটি কোনটির সাথে সম্পর্কিত?

i. স্থান
ii. বিশ্রাম  iii. বিনোদন

নিচের কোনটি সঠিক?

ক) i  খ) i ও ii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২৫। বাংলাদেশে সর্বপ্রথম চিকিৎসা সমাজকর্ম চালু হয় কত সালে?

ক) ১৯৫৭  খ) ১৯৫৮
গ) ১৯৫৯  ঘ) ১৯৬০

২৬। বাংলাদেশে সর্বপ্রথম বিদ্যালয় সমাজকর্ম চালু হয় কোন শহরে?

ক) চট্টগ্রাম  খ) রাজশাহী
গ) খুলনা  ঘ) বরিশাল

২৭। Analyzing Social Problem গ্রন্থের লেখক কে?

ক) Jastraw  খ) Dressler
গ) C.M. Case  ঘ) P.B. Horton

২৮। জাতিসংঘের মতে প্রবীণ হলো তারা যাদের বয়স–

ক) ৫৫  খ) ৫৬
গ) ৫৭  ঘ) ৬০

➤ নিচের উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :

আলী সাহেব হাসপাতালে চাকরি করেন। তিনি রোগী ও চিকিৎসকের মধ্যে সম্পর্ক স্থাপনে সহায়তা করেন। তিনি রোগীর সহায়তাদানকারী ও পুনর্বাসনকারী হিসেবেও পরিচিত।

২৯। আলী সাহেব হাসপাতালে কোন পদে চাকরি করেন?

ক) বিদ্যালয় সমাজকর্মী
খ) চিকিৎসা সমাজকর্মী
গ) শিল্প সমাজকর্মী
ঘ) ক্লিনিক্যাল সমাজকর্মী

৩০। আলী সাহেবের কাজে উপকৃত হয়–

i. রোগী
ii. ডাক্তার  iii. রোগীর আত্মীয়স্বজন

নিচের কোনটি সঠিক?

ক) i  খ) ii
গ) i ও ii  ঘ) i, ii ও iii

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ঘ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | খ | ১০ | গ | ১১ | ক | ১২ | ক | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | খ |
| ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | গ | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ক |

http://teachingbd.com